# চল্লিশ হাদিস
## শিশুতোষ গল্প

মেহমাত ইয়াসার কানদেমির

ভাষান্তর
মোহাম্মদ ওবায়দুল্লাহ

সম্পাদনা
মোহাম্মদ মানজুরে ইলাহী
রওশন জান্নাত
মুহাম্মদ জালাল উদ্দীন রুমী

Academia Publishing House Ltd.

Academia Publishing House Ltd.

# চল্লিশ হাদিস শিশুতোষ গল্প

অনুবাদস্বত্ব © একাডেমিয়া পাবলিশার্স লিমিটেড-এপিএল

প্রথম প্রকাশ: পৌষ ১৪২৫, জানুয়ারি ২০১৯

প্রকাশক: একাডেমিয়া পাবলিশার্স লিমিটেড-এপিএল
কনকর্ড এম্পোরিয়াম শপিং কম্‌প্লেক্স
২৫৩/২৫৪, এলিফ্যান্ট রোড, কাঁটাবন
ঢাকা-১২০৫, বাংলাদেশ

**মূল্য: টাকা ২২৫.০০**

***Challish Hadith-Shishutosh Galpa*** by Mehmat Yasar Kandemir,
Translated by Muhammad Obaidullah,
published in Bangladesh by Academia Publishers Limited - APL
253/254, Concord Emporium Shopping Complex, Elephant Road, Kataban,
Dhaka-1205, Bangladesh
Cell: +88 02 01832 96 92 80, E-mail: aplbooks2017@gmail.com

Price: Taka 225.00 only

ISBN 978-984-93609-0-2

بسم الله الرحمن الرحيم

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ভূমিকা | | vii |
| লেখকের কথা | | viii |
| এক. | পাখি | ০১ |
| দুই. | কাঁটা | ০৩ |
| তিন. | কোট | ০৫ |
| চার. | আয়না | ০৭ |
| পাঁচ. | মন্দ বালক | ০৯ |
| ছয়. | ভূত | ১১ |
| সাত. | বেহেশ্‌তের প্রতিবেশী | ১৩ |
| আট. | দাঁতের ওষুধ | ১৬ |
| নয়. | টাকার থলে | ১৮ |
| দশ. | বিষ | ২০ |
| এগারো. | কোমরের বেল্ট | ২২ |
| বারো. | রাগ | ২৪ |
| তেরো. | দৌড় প্রতিযোগিতা | ২৬ |
| চৌদ্দ. | সোনাদানা | ২৮ |
| পনেরো. | চোর | ৩০ |
| ষোলো. | প্রতিবেশীর জন্য খাদ্য | ৩২ |
| সতেরো. | টাকা | ৩৪ |
| আঠারো. | মধ্যস্থতাকারী | ৩৬ |
| উনিশ. | লুকোচুরি খেলা | ৩৮ |
| বিশ. | অন্যের আনন্দ নষ্টকারী | ৪০ |
| একুশ. | চেরি গাছ | ৪২ |

| | | |
|---|---|---|
| বাইশ. | সাহসী ছেলে | ৪৪ |
| তেইশ. | ছাগলছানা | ৪৬ |
| চব্বিশ. | মেধাবী ছেলে | ৪৮ |
| পঁচিশ. | প্লাস্টিকের থালা | ৫০ |
| ছাব্বিশ. | ফাউন্টেন পেন | ৫২ |
| সাতাশ. | মিথ্যাবাদী | ৫৪ |
| আটাশ. | বাদাম গাছ | ৫৬ |
| উনত্রিশ. | প্রতিধ্বনি | ৫৮ |
| ত্রিশ. | পাউরুটি | ৬০ |
| একত্রিশ. | কৃপণ ব্যক্তি | ৬২ |
| বত্রিশ. | জুতা | ৬৪ |
| তেত্রিশ. | গাড়ি | ৬৬ |
| চৌত্রিশ. | ঘোড়া | ৬৮ |
| পঁয়ত্রিশ. | রোদে শুকানো ইট | ৭১ |
| ছত্রিশ. | মেহমান | ৭৪ |
| সাঁইত্রিশ. | কাঠুরিয়া | ৭৬ |
| আটত্রিশ. | মন্দ কাজ থেকে বিরত রাখা | ৭৮ |
| উনচল্লিশ. | কুকুর | ৮০ |
| চল্লিশ. | হলদে গাভী | ৮২ |
| ওয়ার্কশিট | | ৮৪ |
| | শব্দ-ধাঁধা-১ | ৮৪ |
| | শব্দ-ধাঁধা-২ | ৮৫ |
| | করণীয় ও বর্জনীয় | ৮৬ |
| শব্দার্থ | | ৮৭ |
| তথ্যসূত্র | | ৮৯ |

# ভূমিকা

নিকষ অন্ধকারে ডুবে থাকা জাজিরাতুল আরবের বুক চিরে, তপ্ত বালুকায় চিক চিক আলোকরশ্মির ঢেউ তুলে এসেছিলেন একজন মরু সাইমুম- যিনি শত শত বছরের অন্ধকারে ঘুমন্ত মানুষকে জাগিয়ে তুললেন। অন্ধকার দূরীভূত হলো, মানুষ জেগে উঠল একরাশ সোনালি আভায়। পথহারা মানুষ ফিরে পেলো সঠিক পথের দিশা। আর তিনিই হলেন আমাদের প্রিয় নবি মুহাম্মদ রসুলুল্লাহ সা.।

মানুষ যা কিছু সুন্দর ও মহৎ কল্পনা করতে পারে, নবিজি এককভাবে ছিলেন তার বাস্তব উদাহরণ। আল্লাহ বলেন, 'ওয়া ইন্নাকা লা'আলা খুলুকিন আজিম' অর্থাৎ 'এবং নিশ্চয়ই আপনি মহান চরিত্রের অধিকারী'। (সুরা কলম, ৬৮: ৪)

তাঁর মহান চরিত্র চির আধুনিক- যা কখনো সেকেলে বা পুরাতন হয় না বরং তা যেকোনো যুগ বা কালের সীমাবদ্ধতার উর্ধ্বে। আর এটিই 'খুলুকে আজিম' এর প্রধান বৈশিষ্ট্য। অর্থাৎ পৃথিবী যখন যেই সমস্যার সম্মুখীন হবে, রসুল সা.-এর চরিত্র ও সুন্নাহ তখন কার্যকর প্রতিষেধক হিসেবে কাজ করবে।

মহানবি সা. তার চারিত্রিক পরশ পাথরের মাধ্যমে বিশ্ব সমাজকে সুন্দরভাবে পরিগঠন করতে প্রয়াস চালান। সততা, নৈতিকতা, সভ্যতা, শালীনতা, পবিত্রতা ও শিষ্টতাসহ অসংখ্য নীতি ও পদ্ধতি তার জীবন থেকে বের হয়ে অন্যদের আলোড়িত করেছেন। যেমন, 'সত্যবাদিতা'র জন্য আরববাসী তাকে কিশোর বয়সেই 'আল আমিন' এবং 'আস সাদিক' উপাধিতে ভূষিত করেছিল। এছাড়া নবিজির শিশুপ্রেমও সর্বজনবিদিত।

একটি স্বপ্নিল পৃথিবীর জন্য তথা পৃথিবীকে মানুষের বাস উপযোগী করার জন্য আমাদের প্রত্যেকের উচিত মুহাম্মদ সা.-এর মহান চরিত্রের অনুসরণ করা। তাই আমাদের উদ্দেশ্য করে আল্লাহ বলেন, 'আল্লাহর রসুল সা.-এর (জীবনালেখ্যের) মধ্যে নিশ্চয়ই তোমাদের জন্য উসওয়াতুন হাসানাহ বা উত্তম (প্রশংসিত) আদর্শ নিহিত রয়েছে' (সুরা আল আহযাব, ৩৩: ২১)। অর্থাৎ তিনিই আমাদের জন্য একমাত্র অনুকরণীয়-অনুসরণীয় 'সর্বোত্তম মহান আদর্শ'।

আজকের শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ। বয়স বিচারে মনোবিকাশের উৎকৃষ্ট সময় শিশু-কিশোরকাল। এক্ষেত্রে সৃজনশীল সাহিত্য বিশেষ করে গল্প হলো তাদের অন্যতম প্রধান উপজীব্য। আর সেই গল্পের মধ্যে যে Lesson/Moral/আদর্শ থাকে, তা তাদের মনোবিকাশে ব্যাপক প্রভাব ফেলে। কাদামাটির মতো নরম মনের এ শিশুদের বিকাশের জন্য তাই প্রয়োজন একটি সর্বজনীন ও উত্তম আদর্শ। আর রসুল সা. হলেন আমাদের সর্বকালের সর্বোত্তম আদর্শ -যা মানুষকে ভেতর থেকে বদলে দেয়, আলোকিত মানুষ হওয়ার অনুপ্রেরণা যোগায়। তাই নবিজির কথা, কাজ বা নির্দেশনার আলোকে রচিত শিশুতোষ গল্প যেমন শিশুদের মনোবিকাশ ও আনন্দদানে সক্ষম, তেমনি উন্নত নৈতিকতার আলোকচ্ছটায় তা হয়ে উঠবে একজন আদর্শবান ও আলোকিত মানুষ গড়ার চাবিকাঠি।

এই লক্ষ্যকে সামনে রেখে তুর্কি মুসলিম স্কলার প্রফেসর ড. মেহমাত ইয়াসার কানদেমির রচিত 40 Hadith for Children with Stories গ্রন্থটির বঙ্গানুবাদ কিছুটা পরিমার্জিত আকারে '৪০ হাদিস-শিশুতোষ গল্প' শিরোনামে এপিএল থেকে প্রকাশ করা হলো। সহজবোধ্য ও প্রাঞ্জল ভাষায় শিশুদের উপযোগী এই গ্রন্থটি কোমলমতি সকল শিশু-কিশোরদের কাছে ব্যাপক সমাদৃত হবে বলে আশা করছি। এছাড়া এটি প্রাইমারি ও সেকেন্ডারি লেবেলের শিক্ষার্থীদের জন্য পাঠ্যবই অথবা সহায়ক বই হিসেবে কাজে লাগবে বলে আমাদের বিশ্বাস।

ড. এম আবদুল আজিজ
চেয়ারম্যান
একাডেমিয়া পাবলিশিং হাউজ লিমিটেড

## লেখকের কথা

সুপ্রিয় পাঠক, সর্বশক্তিমান আল্লাহ চান যে, তাঁর বান্দারা সুখী হোক। কীভাবে সেটি সম্ভব তা জানানোর জন্য তিনি আমাদের কাছে যুগে যুগে পাঠিয়েছেন নবি ও রসুল। নবি ও রসুলগণ মানব জাতির পথপ্রদর্শক এবং শিক্ষক। মহান আল্লাহর আদেশসমূহ অনুসরণ করে কীভাবে এ দুনিয়াতে বসবাস করতে হবে তাঁরা তা শিখিয়ে দেন। এই ধারা প্রথম নবি হযরত আদম আ. হতে শেষ নবি হযরত মুহাম্মাদ সা. পর্যন্ত অব্যাহত ছিল।

তোমরা নিশ্চয়ই জানো, রসুল সা.-এর বাণীসমূহকে হাদিস বলে। প্রিয় নবি মুহাম্মদ সা. কুরআন অর্থাৎ আল্লাহর আদেশসমূহ নিয়ে এসেছেন আমাদের মুক্তির জন্য। রসুল সা. হাদিসের মাধ্যমে সেসব ঐশী বাণী ব্যাখ্যা করেছেন। তাঁর সা. এই বাণীর মাধ্যমে শিক্ষা দিয়েছেন কীভাবে আমরা দুনিয়া ও আখিরাতের জীবনে সফল হতে পারি।

আমরা যদি আল্লাহর আদেশসমূহ ভালোভাবে অনুধাবন করে আমাদের ধর্মকে সঠিকভাবে বুঝে পালন করতে চাই, তাহলে অবশ্যই রসুল সা.-এর হাদিসসমূহ অধ্যয়ন করতে হবে। শতাব্দী ধরে অনেক মুসলিম স্কলার রসুলুল্লাহ সা.-এর হাদিস সহজে শেখার উদ্দেশ্যে নির্বাচিত চল্লিশটি হাদিস নিয়ে সংকলণ তৈরি করেছেন। আমিও চেয়েছিলাম আমার চল্লিশতম গ্রন্থটি হোক রসুল সা.-এর চল্লিশটি হাদিসের সংকলিত একটি গ্রন্থ।

আমি জানি যে, তোমরা গল্প পড়তে ভালোবাসো। তাই রসুল সা.-এর হাদিসকে কেন্দ্র করে রচিত গল্পগুলো এখানে উপস্থাপন করেছি। বন্ধুগণ, আমি আশা করি এ গ্রন্থটি পড়ে তোমরা আনন্দ উপভোগ করবে ও আমার জন্য দোয়া করবে।

মেহমাত ইয়াসার কানদেমির

ইসতাম্বুল, তুরস্ক